

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৭২৯

(كتاب الشروط) क्श क्री क्री (كتاب الشروط)

পরিচ্ছেদঃ ৫৪/১৩. 'ওয়ালা'র ব্যাপারে অধিকার অর্জনের শর্তারোপ।

بَابُ الشُّرُوطِ فِي الْوَلَاءِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيْلُ حَدَّثَنَا مَالِكٌ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيْهِ عَنْ عَائِشَةَ قَالَتْ جَاءَتْنِيْ بَرِيْرَةُ فَقَالَتْ كَاتَبْتُ أَهْلِيْ عَلَى تِسْعِ أَوَاقٍ فِيْ كُلِّ عَامٍ أُوقِيَّةٌ فَأَعِيْنِيْنِيْ فَقَالَتْ إِنْ أَحَبُّوْا بَرِيْرَةُ إِلَى أَهْلِهَا فَقَالَتْ لَهُمْ فَأَبُوْا عَلَيْهَا أَنْ أَعُدَّهَا لَهُمْ وَيَكُوْنَ وَلَاوُكِ لِيْ فَعَلْتُ فَقَالَتْ بَرِيْرَةُ إِلَى أَهْلِهَا فَقَالَتْ لَهُمْ فَأَبُوْا عَلَيْها فَجَاءَتْ مِنْ عِنْدِهِمْ وَرَسُوْلُ اللهِ جَالِسٌ فَقَالَتْ إِنِّيْ قَدْ عَرَضْتُ ذَلِكِ عَلَيْهِمْ فَأَبُوْا إِلَّا أَنْ يَكُوْنَ الْوَلَاءُ لَهُمْ فَسَمِعَ النَّبِيُّ فَأَخْبَرَتْ عَائِشَةُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ خُذِيْهَا وَاشْتَرَطِيْ لَهُمْ الْوَلَاءُ لَهُمْ الْوَلَاءُ فَإِنَّمَا الْوَلَاءُ لِمَنْ أَعْتَقَ فَفَعَلَتْ عَائِشَةُ ثُمَّ قَامَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ خُذِيْهَا وَاشْتَرَطِيْ لَهُمْ الْوَلَاءُ لَهُمْ الْوَلَاءُ لَهُمْ الْوَلَاءُ لَهُمْ الْوَلَاءُ لَوْلَاءُ لَمَنْ أَعْتَقَ فَفَعَلَتْ عَائِشَةُ ثُمَّ قَامَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم فِي النَّاسِ فَحَمِدَ اللهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ مَا بَالُ رِجَالٍ يَشْتَرِطُونَ شُرُوطًا لَكُ وَلَا لَولَاءُ لَكُنُ مَا اللهِ فَهُو بَاطِلٌ وَإِنْ كَانَ مِائَة شَوْطًا قَضَاءُ اللهِ أَحْقُ وَشَرْطُ اللهِ أَوْتَقُ وَإِنَّمَا الْوَلَاءُ لِمَنْ أَعْتَقَ

বাংলা

২৭২৯. 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, বারীরাহ আমার নিকট এসে বলল, আমি আমার মালিকের সঙ্গে নয় উকিয়ার বিনিময়ে আমাকে স্বাধীন করার এক চুক্তি করেছি। প্রতি বছর এক উকিয়া করে পরিশোধ করতে হবে। এ ব্যাপারে আমাকে সাহায্য করুন। 'আয়িশাহ (রাঃ) বললেন, তারা যদি এ শর্তে রায়ী হয় যে, আমি তাদের সমস্ত প্রাপ্য একবারে দিয়ে দিই এবং তোমার 'ওয়ালা' আমার জন্য থাকবে, তাহলে আমি তা করব। বারীরাহ তার মালিকের নিকট গিয়ে এ কথা বলল; কিন্তু তারা তাতে অস্বীকৃতি জানাল। অতঃপর বারীরাহ তাদের নিকট হতে ফিরে এল। তখন আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপবিষ্ট ছিলেন। বারীরাহ বলল, আমি তাদের নিকট প্রস্তাবটি পেশ করেছি, 'ওয়ালা'র অধিকার তাদের জন্য না হলে, এতে তারা অস্বীকৃতি জানিয়েছে। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) শুনলেন এবং 'আয়িশাহ (রাঃ)-ও তাঁকে জানালেন। অতঃপর তিনি বললেন, তুমি বারীরান্থেক নিয়ে নাও এবং তাদের জন্য 'ওয়ালা'র অধিকারের শর্ত কর। কারণ 'ওয়ালা'র অধিকার তো তারই যে মুক্ত করবে। 'আয়িশাহ (রাঃ) তাই করলেন। অতঃপর আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম) লোকদের মাঝে দাঁড়িয়ে আল্লাহর প্রশংসা ও স্তুতি করে বললেন, 'লোকদের কী হল যে, তারা এমন সব শর্তারোপ করে যা আল্লাহর কিতাবে নেই? আল্লাহর কিতাবের বহির্ভুত যে কোন শর্ত বাতিল, যদিও শত শর্তারোপ করা হয়। আল্লাহর হুকুম যথার্থ ও তাঁর শর্ত সুদৃঢ়। ওয়ালা তো তারই যে মুক্ত করে।' (৪৫৬) (আধুনিক প্রকাশনীঃ ২৫২৯, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৫৪২)

English

Narrated `Urwa:

Aisha said, "Buraira came to me and said, 'My people (masters) have written the contract for my emancipation for nine Awag) of gold) to be paid in yearly installments, one Ugiyya per year; so help me." Aisha said (to her), "If your masters agree, I will pay them the whole sum provided the Wala will be for me." Buraira went to her masters and told them about it, but they refused the offer and she returned from them while Allah's Messenger (ﷺ)s was sitting. She said, "I presented the offer to them, but they refused unless the Wala' would be for them." When the Prophet (ﷺ) heard that and `Aisha told him about It, he said to her, "Buy Buraira and let them stipulate that her Wala' will be for them, as the Wala' is for the manumitted." `Aisha did so. After that Allah's Messenger (ﷺ) got up amidst the people, Glorified and Praised Allah and said, "What is wrong with some people who stipulate things which are not in Allah's Laws? Any condition which is not in Allah's Laws is invalid even if there were a hundred such conditions. Allah's Rules are the most valid and Allah's Conditions are the most solid. The Wala is for the manumitted."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন